দৈনিক
ইনকিলাব

তারিখ 18 APR 2003
পৃষ্ঠা ...

# প্রাথমিক মাধ্যমিক ও মাদ্রাসা বোর্ডের পাঠ্যপুস্তক মুদ্রণ সম্পর্কিত সভা অনুষ্ঠিত

**তথ্য বিবরণী ঃ** ২০০৪ শিক্ষাবর্ষের জন্য প্রাথমিক ও মাধ্যমিক স্তর এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের এবতেদায়ী স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই, সরবরাহ ও বাজারজাতকরণ এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত এক সভা ১৬ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি সভায় সভাপতিত্ব করেন। অন্যান্যের মধ্যে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব অধ্যাপিকা তাহমিনা হোসেন, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান, পাঠ্যপুস্তক মুদ্রণ ও প্রকাশনা প্রতিষ্ঠান প্রতিনিধিসহ শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় পুস্তক মুদ্রণ পদ্ধতি, মুদ্রণ প্রতিষ্ঠানের প্যাকেজের সংখ্যা নির্ধারণ, বাঁধাই পদ্ধতি, বিল পরিশোধ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বইয়ের নকল রোধে নিরাপত্তা কাগজের ব্যবহার ও হলোগ্রাম ব্যবহার এবং ব্যাক কভারে নীতিবাক্য সংযোজন সংক্রান্ত অন্যান্য বিষয় নিয়েও আলোচনা করা হয়। ২০০৪ সালে যথাসময়ে যাতে ছাত্র-ছাত্রীরা বই হাতে পায় তার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য শিক্ষামন্ত্রী সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। মন্ত্রী বলেন, বর্তমান সরকার বিগত বছরগুলোতে ছাত্র-ছাত্রীদের হাতে বই পৌঁছে দিয়ে যে সুনাম অর্জন করেছে তা অক্ষুণ্ন রাখতে আগামী শিক্ষাবর্ষেও ছাত্র-ছাত্রীদের হাতে যথাসময়ে বই পৌঁছাতে হবে।